

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৮৮

আগরতলা, ০৬ মার্চ, ২০ ১৯

প্রতিটি বাড়িতে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া

রাজ্য সরকারের দায়িত্ব : মুখ্যমন্ত্রী

প্রতিটি বাড়িতে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া যে কোনও রাজ্য সরকারের প্রাথমিক কর্তব্য। আজ আগরতলা পুরনিগমের দক্ষিণ জোনের পঞ্চমুখস্থিত জল সম্পদ দপ্তরের স্টেটার ডিভিশন সংলগ্ন স্থানে অম্লত প্রকল্পে ভূগর্ভস্থ পানীয় জল পরিশোধন প্রকল্পের শিলান্যাস করে একথাগুলি বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। প্রকল্পটি সম্পূর্ণভাবে রূপায়ণ করতে ব্যয় হবে ৫৯ কোটি ৫৪ লক্ষ ৯৯ হাজার ৬৩০ টাকা। আগামী ২ বছরের মধ্যে প্রকল্পটি বাস্তবায়িত করা হবে। বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, ত্রিপুরার জলে প্রচুর পরিমাণে আয়রণ রয়েছে। অনেক মানুষ জলজনিত বিভিন্ন রোগে আক্রান্ত হন। এর ফলে নিজেরা যেমন আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন তেমনি রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উপরও প্রচুর চাপ পড়ে। আর এসব সমস্যা থেকে উত্তরণের একমাত্র পথ হলো বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা। তিনি বলেন, আগে কেবলমাত্র সুনির্দিষ্ট সামাজিক মর্যাদা সম্পন্ন মানুষের বাড়িতেই বিশুদ্ধ পানীয় জলের সংযোগ থাকতো। কিন্তু নতুন সরকার অটল জলধারা মিশনের মাধ্যমে আগামী ২০২১ সালের মধ্যে প্রতিটি বাড়িতে বিনামূল্যে পানীয় জল পৌঁছে দেবে। ইতিমধ্যেই রাজ্যের ১ লক্ষ ১৫ হাজার পরিবারকে এই প্রকল্পের মাধ্যমে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, রাজ্য ও কেন্দ্রে নিষ্ঠাবান, জনমুখী ও বিকাশমুখী সরকার রয়েছে। ২০১৪ সালে কেন্দ্রে নরেন্দ্র মোদির নেতৃত্বে সরকার প্রতিষ্ঠা হওয়ার পর থেকেই দেশের প্রকৃত গরীব মানুষের উন্নয়নের জন্য কাজ করা হচ্ছে। বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের মাধ্যমে সাধারণ মানুষ উপকৃত হচ্ছেন। কোনও রকম দাবি ও আন্দোলন ছাড়াই মানুষ নিজেদের অধিকার ও সুবিধা পাচ্ছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতবর্ষকে রবীন্দ্রনাথ, নেতাজী, বঙ্কিমচন্দ্র, মৌলানা আবুল কালাম আজাদের স্বপ্নের ভারতে পরিণত করতে বদ্ধপরিকর। রাজ্য সরকারও ত্রিপুরাকে দেশের মধ্যে শ্রেষ্ঠ রাজ্যে পরিণত করার দিশাতে কাজ করে চলেছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে বিধায়ক আশিস কুমার সাহা বলেন, অন্ন, বস্ত্র, বাসস্থানের পাশাপাশি পানীয় জল ও বিদ্যুৎও জীবনধারণের জন্য গুরুত্বপূর্ণ। নতুন সরকার রাজ্যের আপামর জনসাধারণের জীবনমানের সার্বিক উন্নয়নে প্রথম থেকেই সদর্থক মনোভাব নিয়ে কাজ করে চলেছে। বক্তব্য রাখতে গিয়ে আগরতলা পুর নিগমের মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা বলেন, বিগত সময়ে আগরতলা শহরের পানীয় জল সরবরাহের ব্যবস্থা গড়ে তোলার জন্য এডিবি-র আর্থিক সহযোগিতার মাধ্যমে কাজ করা হয়েছিলো। শহরের দক্ষিণ ভাগে পানীয় জলের সমস্যা ছিলো। যা এই প্রকল্পের মাধ্যমে দূর করা সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ করেন। এই অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন নগর উন্নয়ন দপ্তরের মুখ্য বাস্তুকার ধুব চক্রবর্তী। স্বাগত বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের কমিশনার ড. শৈলেশ কুমার যাদব। উল্লেখ্য, ভূগর্ভস্থ পানীয় জল পরিশোধন প্রকল্প থেকে জল সরবরাহের জন্য ৩টি ওভারহেড ট্যাঙ্ক এবং ১২টি ডিপ-টিউবওয়েল থাকবে। এর থেকে পুর নিগমের ওয়ার্ড নং ৪৯, ৪৪ ও ৩৬-এর মোট ৬০২৫টি পরিবারের মধ্যে প্রায় ৬১ কিলোমিটার পাইপলাইনের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া হবে। এই প্রকল্পের মাধ্যমে প্রতিদিন ৮৫ লক্ষ লিটার জল বাড়ি বাড়ি পৌঁছবে।
